মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত খালেক মারা গেছেন

দুর্ঘটনায় আহত আব্দুল একদিন পর চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। আব্দুল খালেক গাংনী উপজেলার ঢেপা গ্রামের পূর্বপাড়ার মৃত মহাম্মদ আলীর ছেলে।

গত বুধবার দিবাগত মধ্যরাতে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

এর আগে মঙ্গলবার (৪ জুলাই) সকাল ৯ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বারাদী নামক স্থানে বিপরীতগামী দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আব্দুল খালেক মারাত্বক আহত হন। আহত খালেককে উদ্ধার করে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ও পরে সেখান থেকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম পারিবারিক সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মর্গে নিহত আব্দুল খালেকের ময়না তদন্ত করে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে বলে জানা গেছে।